গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.১০৯.১৬.০২১ (অংশ-০৬).১৪-৮২

তারিখঃ ০২/০২/২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের কার্যাবলীর জানুয়ারি/২০২২ খ্রি: মাসের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র স্মারক নং- ৩৩.০০.০০০০.১৪৬.৯৯.০২৪.১৮-২২৭; তারিখ-২৪/০৮/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জানুয়ারি/২০২২ খ্রিষ্টাব্দ মাসের প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভাগীয় কার্যক্রমের সমন্বিত প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। এখানে উল্লেখ্য যে, প্রতিবেদনটির Soft copy ই-মেইল ঠিকানা- administration-1@mofl.gov.bd এর মাধ্যমেও প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক- ০৮ (আট) পাতা।

০২/০২/২০২২
(ডা. মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
02/02/2022

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়)।

কার্যার্থে অনুলিপিঃ

১। জনাব মোঃ শামীম হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), সংযুক্তি-আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য)।

## মন্ত্রণালয়/বিভাগ সমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ প্রাণিসম্পদ অধিদপ্তর আওতাধীন অধিদপ্তর/ সংস্থার সংখ্যা

প্রতিবেদনাধীন মাসের নামঃ জানুয়ারি/২০২২ খ্রিঃ। প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ০২/০২/২০২২ খ্রিষ্টাব্দ

(১) প্রশাসনিক*

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেট):

| মন্ত্রণালয় | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট সংখ্যা) | ১৩০৫২ | ৭৪০৪ | ৫৬৪৮ |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ

| যুগ্ম সচিব/তদুর্ধ পদ | জেলা কর্মকর্তার পদ (ডি.এল.ও. ও সমমান) | | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | ক্যাডার | | ৮১৪ | ৭৪ | ৩৮০৩ | ৮২৬ | ৫৬৪৮ |
| | নন- ক্যাডার | | ১৩১ | | | | |
| | মোট = | | ৯৪৫ | | | | |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকাঃ উপজেলা পর্যায়ের ২৫৩ টি অতীব গুরুত্বপূর্ণ পদ শূন্য আছে।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদানঃ

| প্রতিবেদনাধীন মাসের পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ পদোন্নতি না হওয়ায় উপজেলা পর্যায়ের পদগুলো শূন্য রয়েছে।

খ.১ ভ্রমন/পরিদর্শন (দেশে-বিদেশে):

| | মন্ত্রী | | প্রতি মন্ত্রী /উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | | | | | | | |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | | | | | | | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | | | | | | | |

- মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর ভ্রমণঃ দেশে-০৫ দিন, বিদেশে-০০ দিন

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যাঃ ০২ টি।

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (শুধুমাত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)**

(ক) অপরাধ সংক্রান্তঃ

| অপরাধের ধরণ | অপরাধের সংখ্যা | | |
|---|---|---|---|
| | প্রতিবেদনাধীন মাস | পূর্ববর্তী মাস | পূর্ববর্তী বছরের একই মাস |
| ১ | ২ | ৩ | ৪ |
| খুন | | | |
| ধর্ষণ | | | |
| অগ্নিসংযোগ | | | |
| এসিড নিক্ষেপ | | | |
| নারী নির্যাতন | | | |
| ডাকাতি/রাহাজানি | | | |
| অস্ত্র/বিষ্ফোরক সংক্রান্ত | | | |

খ) দ্রুত বিচার আইনের প্রয়োগঃ

| আইন জারীর পর ক্রমপুঞ্জিভূত মামলার সংখ্যা (আসামীর সংখ্যা) | প্রতিবেদনাধীন মাসে গ্রেপ্তারকৃত আসামীর সংখ্যা | আইন জারীর পর ক্রমপুঞ্জিভূত গ্রেপ্তারকৃত আসামীর সংখ্যা | কোর্ট কর্তৃক নিষ্পত্তিকৃত ক্রমপুঞ্জিভূত মামলার সংখ্যা | শাস্তি হয়েছে এমন মামলার ক্রমপুঞ্জিভূত সংখ্যা (শাস্তি প্রাপ্ত আসামীর সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| - | - | - | - | - | - |

গ) জেলে বন্দীর সংখ্যাঃ

| বন্দীর ধরণ | বন্দীর সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | প্রতিবেদনাধীন মাস | পূর্ববর্তী মাস | পূর্ববর্তী একই মাস | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| হাজতি | | | | |
| সাজাপ্রাপ্ত কয়েদী | | | | |
| ডিটেন্যু | | | | |
| মোট | | | | |

(ঘ) প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরীভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনা :------

* পূর্ববর্তী বছরের একই মাস বলতে সকল ক্ষেত্রে প্রতিবেদনাধীন মাসের প্রতিরূপ মাস বুঝায়।

**(৩) অর্থনৈতিক (শুধুমাত্র অর্থ বিভাগের জন্য)**

| আইটেম | প্রতিবেদনাধীন মাস | পূর্ববর্তী মাস | পূর্ববর্তী বছরের একই মাস (প্রতিবেদনাধীন) | পূর্ববর্তী বছরের একই মাসের তুলনায় শতকরা বৃদ্ধি (+) বা হ্রাস (-) এর হার |
|---|---|---|---|---|
| ১। বৈদেশিক মুদ্রার রিজার্ভ (মিঃ মার্কিন ডলার) | | | | |
| ২। প্রবাস আয় (মিঃ মার্কিন ডলার) | | | | |
| ৩। আমদানীর পরিমাণ (মিঃ মার্কিন ডলার) | | | | |
| ৪। ই,পি,বি-এর তথ্যনুযায়ী রপ্তানীর পরিমাণ (মিঃ মার্কিন ডলার) | | | | |
| ৫। ক) প্রতিবেদনাধীন মাসে রাজস্ব আদায়ের লক্ষমাত্রা (কোটি টাকায়)<br>খ) রাজস্ব আদায়ের পরিমান (কোটি টাকায়) | | | | |
| ৬। মোট অর্ন্তবর্তীকালীন ঋণ (কোটি টাকায়) সরকারী খাত (নীট) | | | | |
| ৭। ঋণ পত্র খোলা (LCs opening)<br>ক) খাদ্য শস্য চাল ও গম (লক্ষ টন)<br>খ) অন্যান্য | | | | |
| ৮। খাদ্য শস্যের মজুদ (লক্ষ মেঃ টন) | | | | |
| ৯। জাতীয় ভোক্তা মূল্য সূচক পরিবর্তনের হার (ভিত্তি ১৯৮৫-৮৬-১০০)<br>ক) বারো মাসের গড় ভিত্তিক<br>খ) পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিক | | | | |

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্তঃ**

| বর্তমান অর্থ বছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে শতকরা হার (%) | প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে প্রকল্প (সমাপ্ত) উদ্বোধনের তালিকা | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৯১৪৮১.০০ | ৪০৫০১.৩৮ (৪৪.২৭%) | - | - | - | - |

(৫) উৎপাদন বিষয়ক (শুধুমাত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে) :

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানী ইত্যাদিঃ

| পণ্যের নাম | বর্তমান অর্থ বছরে উৎপাদনের লক্ষ্যমাত্রা | প্রতিবেদনাধীন মাসে প্রকৃত উৎপাদন | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত মোট প্রকৃত উৎপাদন | উৎপাদনের ধারা সন্তোষজনক কিনা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ধান | - | - | - | - |
| গম | - | - | - | - |
| পাট | - | - | - | - |
| আলু | - | - | - | - |
| পিয়াজ | - | - | - | - |
| বস্ত্র | - | - | - | - |
| পাটজাত দ্রব্য | - | - | - | - |
| সার (ইউরিয়া) | - | - | - | - |
| লবণ | - | - | - | - |
| মৎস | - | - | - | - |
| দুধ *(লক্ষ মে. টন) | ১২৮.৪৭ লক্ষ মে. টন | ১২.০৫ লক্ষ মে. টন | ৮২.৮৬ লক্ষ মে. টন | - |
| মাংস *( লক্ষ মে. টন) | ৮৫.২৩ লক্ষ মে. টন | ৭.১১ লক্ষ মে. টন | ৬৩.৯৮ লক্ষ মে. টন | - |
| ডিম *(কোটি টি) | ২২৬৬.৪৪ কোটি (টি) | ২১৫.৩৭ কোটি (টি) | ১৩৭১.৬৯ কোটি (টি) | - |
| গ্যাস | - | - | - | - |

খ) কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সংকটের আশংকা করা হলে তার বর্ণনাঃ
প্রযোজ্য নয়।

গ) বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট):

| প্রতিবেদনাধীন মাস | | পূর্ববর্তী মাস | | পূর্ববর্তী বছরের একই মাস | |
|---|---|---|---|---|---|
| চাহিদা | উৎপাদন | চাহিদা | উৎপাদন | চাহিদা | উৎপাদন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

ঘ) বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে):

| সংস্থার নাম | প্রতিবেদনাধীন মাসে | পূর্ববর্তী মাসে | পূর্ববর্তী বছরে একই মাস | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| পিডিবি | | | | |
| ডেসা | | | | |
| আরইবি | | | | |

ঙ) ডেসার লোডশেডিং এর সময়কাল (ঘন্টায়)

| প্রতিবেদনশীল মাস | পূর্ববর্তী মাসে | পূর্ববর্তী বছরের একই মাস |
|---|---|---|
| | | |

চ) জ্বালানী তেলের সরবরাহ (মেঃ টন):

| প্রতিবেদনাধীন মাস | | পূর্ববর্তী মাস | | পূর্ববর্তী বছরের একই মাস | |
|---|---|---|---|---|---|
| চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

ছ) ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন):

| মেট্রো এলাকা | প্রতিবেদনাধীন মাস | | পূর্ববর্তী মাস | | পূর্ববর্তী বছরের একই মাস | |
|---|---|---|---|---|---|---|
| | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ঢাকা | | | | | | |
| চট্টগ্রাম | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | Training of DLS Officers on ICT and Use of ICT for Technology Dissemination, Monitoring and Evaluation | নিকেতন, গুলশান-১, ঢাকা | এনএটিপি-২ প্রকল্প | ২০ জন<br>২৯ জানুয়ারি, ২০২২ |
| ১১. | সিপিটিইউ এর ব্যবস্থাপনায় Policy Level (PL) কর্মকর্তাদের eGP এর উপর প্রশিক্ষণ | CPTU, Dhaka | CPTU, Dhaka | ০৫ জন<br>৩০ জানুয়ারি, ২০২২ |
| | মোট অভ্যন্তরীণ প্রশিক্ষণ = ১১ টি | | অংশগ্রহণকারীর সংখ্যা= | ২৬৬ জন |

কর্মশালা :

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | জয়পুরহাট | FAO | ০৭ জন<br>০২-০৪ জানুয়ারি, ২০২২ |
| ২. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | খুলনা | FAO | ১১ জন<br>০২-০৪ জানুয়ারি, ২০২২ |
| ৩. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | ফরিদপুর | FAO | ০৪ জন<br>০২-০৪ জানুয়ারি, ২০২২ |
| ৪. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | গাজীপুর | FAO | ০২ জন<br>০২-০৪ জানুয়ারি, ২০২২ |
| ৫. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | চট্টগ্রাম | FAO | ০৭ জন<br>০২-০৩ জানুয়ারি, ২০২২ |
| ৬. | রংপুর বিভাগের রিসার্চ এক্সটেনশন লিংকেজ কর্মশালা | ভার্চুয়াল | এনএটিপি-২ | ২৭ জন<br>০৫ জানুয়ারি, ২০২২ |
| ৭. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | রাজশাহী | FAO | ১৫ জন<br>০৬-০৮ জানুয়ারি, ২০২২ |
| ৮. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | পাবনা | FAO | ০৫ জন<br>০৬-০৮ জানুয়ারি, ২০২২ |
| ৯. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | কক্সবাজার | FAO | ০৮ জন<br>০৫-০৬ জানুয়ারি, ২০২২ |
| ১০. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | যশোর | FAO | ০৫ জন<br>০৬-০৮ জানুয়ারি, ২০২২ |
| ১১. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | কিশোরগঞ্জ | FAO | ০৯ জন<br>০৬-০৮ জানুয়ারি, ২০২২ |
| ১২. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | ময়মনসিংহ | FAO | ১৪ জন<br>০৭-০৯ জানুয়ারি, ২০২২ |
| ১৩. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | নোয়াখালী | FAO | ০৪ জন<br>০৮-১৩ জানুয়ারি, ২০২২ |
| ১৪. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | ঝিনাইদহ | FAO | ০৭ জন<br>০৯-১১ জানুয়ারি, ২০২২ |
| ১৫. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | মুন্সিগঞ্জ | FAO | ০৩ জন<br>০৯-১১ জানুয়ারি, ২০২২ |
| ১৬. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | সিলেট | FAO | ৩১ জন<br>১১-১৪ জানুয়ারি, ২০২২ |
| ১৭. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | কুষ্টিয়া | FAO | ০৬ জন<br>১২-১৪ জানুয়ারি, ২০২২ |
| ১৮. | এনএটিপি-২ কর্তৃক আয়োজিত ২০২০-২০২১ অর্থবছরের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কর্মশালা | ভার্চুয়াল | এনএটিপি-২ | ৫২ জন<br>১২ জানুয়ারি, ২০২২ |
| ১৯. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | চাঁদপুর | FAO | ০৫ জন<br>১২-১৩ জানুয়ারি, ২০২২ |
| ২০. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | দিনাজপুর, কুড়িগ্রাম, রংপুর | FAO | ৩১ জন<br>১১-১২ জানুয়ারি, ২০২২ |
| ২১. | ইনসেপশন ওয়ার্কশপ | ব্র্যাক সেন্টার, রংপুর | উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬টি এলাকা ও নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প | ১৩৬ জন<br>০৯ জানুয়ারি, ২০২২ |
| ২২. | বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা-২০২১ | BLRI, Savar, Dhaka | BLRI, Savar, Dhaka | ২০ জন<br>২৭-২৮ জানুয়ারি, ২০২২ |
| ২৩. | Formation and Mobilization of Producer Groups (PG) বিষয়ক Workshop | ব্রাহ্মণবাড়িয়া | FAO | ০২ জন<br>২৮ জানুয়ারি, ২০২২ |
| ২৪. | Agro-Business Planning, Technologies & Marketing Advice & Implementation support for LDDP ইনসেপশন ওয়ার্কশপ | ক্রিস্টাল বলরুম, হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকা | LDDP Project, DLS, Dhaka | ৩৯ জন<br>২৫ জানুয়ারি, ২০২২ |
| | মোট কর্মশালা= ২৪ টি | | অংশগ্রহণকারীর সংখ্যা= | ৪৫০ জন |

সভা/সেমিনার :

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | প্রাণিজাত খাদ্যের বৈশ্বিক নিরাপত্তায় কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরির ভূমিকা বিষয়ক আলোচনা সভা | হোটেল নির্জনা, সিলেট | কিউসি ল্যাব, সাভার, ঢাকা | ৭০ জন<br>১৭ জানুয়ারি, ২০২২ |
| | মোট সভা/সেমিনার= ০১ টি | | অংশগ্রহণকারীর সংখ্যা= | ৭০ জন |

বৈদেশিক প্রশিক্ষণঃ

| ক্র. নং | প্রশিক্ষণ কর্মসূচীর নাম | প্রশিক্ষণের স্থান | উদ্যোগী সংস্থা/ এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থা সমূহ থেকে অংশ গ্রহণকারীর সংখ্যা ও তারিখ |
|---|---|---|---|---|
| - | - | - | - | - |

মন্ত্রণালয়/অধিদপ্তরে গত মাসে কোন ইন্-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনাঃ

(খ) মন্ত্রণালয়/অধিদপ্তরে গত মাসে কোন ইন্-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনাঃ ৯ 'ক' তে বর্ণনা রয়েছে।

(গ) প্রশিক্ষণ কর্মসূচীতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নাই।

(ঘ) মন্ত্রণালয়ে অন দ্যা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কিনা, না থাকলে অন্ দ্যা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কিনাঃ প্রযোজ্য নয়।

(ঙ) প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যাঃ ০০ জন।

**১০। উল্লেখযোগ্য কার্যাবলী /সমস্যা সংকটঃ**

(ক) প্রতিবেদন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকাঃ প্রতিবেদন মাসে কোন আইন বিধি প্রণয়ন হয়নি।

**(খ) প্রতিবেদনাধীন মাসে গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ডঃ –**

অধিদপ্তরের নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করা হয়েছেঃ

- অধিদপ্তরাধীন ডেইরী ও মহিষের খামারে ০১ লক্ষ ০৩ হাজার ০৮ শত ৬০ লিটার দুধ, ৫৯ টি গাভীর বাচ্চা, ০৩ টি মহিষের বাচ্চা, ছাগল খামারে ১০৬ টি ছাগীর বাচ্চা উৎপাদিত হয়েছে এবং ৩৯ টি পাঁঠা বিতরণ করা হয়েছে।
- অধিদপ্তরের বিভাগীয় কার্যক্রমের আওতায় দেশী হাঁস-মুরগি পালনে ০৭ হাজার ২০ জন, ব্রয়লার পালন বিষয়ে ০১ হাজার ৪২ জন, গাভী পালনে ১০ হাজার ০১ শত ৯৯ জন, ছাগল ও ভেড়া পালনে ০৩ হাজার ০৪ শত ৩১ জন, মাংস প্রক্রিয়াজাতকরণে ০১ হাজার ৮৬ জন, গবাদিপশু হৃষ্টপুষ্টকরণে ০৬ হাজার ০৯ শত ৭০ জন, টিকা প্রদান কার্যক্রম বিষয়ে ০৩ শত ৩৯ জন এবং ঘাস উৎপাদন বিষয়ে ০৬ শত ২৫ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- অধিদপ্তরের প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান হতে ০২ কোটি ২৯ লক্ষ ৮১ হাজার ৩২ ডোজ গবাদিপশু ও হাঁস-মুরগির টিকা উৎপাদিত হয়েছে।
- সম্প্রসারণ কার্যক্রমের আওতায় আলোচ্য মাসে ৯০ লক্ষ ৯২ হাজার ০৬ শত ১২ টি পোল্ট্রি, ১০ লক্ষ ৬৭ হাজার ০৩ শত ১১ টি গবাদিপশু এবং ০৪ হাজার ০৮ শত ১৯ টি পোষা প্রাণীর চিকিৎসা প্রদান করা হয়েছে।
- আলোচ্য মাসে ০২ কোটি ৩৮ লক্ষ ২১ হাজার ০৯ শত পোল্ট্রি এবং ১৬ লক্ষ ৪৩ হাজার ০২ শত ৭৭ টি গবাদিপশুর টিকা প্রদান করা হয়েছে।
- কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় আলোচ্য মাসে ০২ লক্ষ ৯৭ হাজার ০৯ শত ডোজ হিমায়িত ও ৪৬ হাজার ০৩ শত ৫৭ ডোজ তরল সর্বমোট = ০৩ লক্ষ ৪৪ হাজার ০২ শত ৫৭ ডোজ সিমেন উৎপাদিত হয়েছে।
- সম্প্রসারণ কার্যক্রমের আওতায় ০২ লক্ষ ৯০ হাজার ০৭ শত ৩২ ডোজ হিমায়িত ও ৩৯ হাজার ০৬ শত ৪১ ডোজ তরল সর্বমোট = ০৩ লক্ষ ৩০ হাজার ০৩ শত ৭৩ ডোজ সিমেন দ্বারা গাভী/বকনার কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- একই সময় হিমায়িত সিমেন দ্বারা ০১ লক্ষ ২১ হাজার ০২ শত ৭২ টি এবং তরল সিমেন দ্বারা ১৫ হাজার ০৭ শত ৮২ টি সর্বমোট = ০১ লক্ষ ৩৭ হাজার ৫৪ টি সংকর জাতের বাছুর উৎপাদন হয়েছে।
- আলোচ্য মাসে ২৬০ টি ছাগীর প্রাকৃতিক প্রজনন সম্পন্ন হয়েছে ।

প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ১৭ টি উন্নয়ন প্রকল্পসমূহের উল্লেখযোগ্য কার্যক্রমঃ

১। **কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়) :** ১৫০ জন এ.আই টেকনিশিয়ানের ০৬ মাসব্যাপী প্রশিক্ষণ চলমান রয়েছে। চট্টগ্রাম, ফরিদপুর, সিলেট, বগুড়া, বরিশাল, খুলনা ও রংপুরে ০৭টি বুল স্টেশন কাম এ আই ল্যাবের ভূমি উন্নয়ন, কৃত্রিম প্রজনন গবেষণাগার, সাভারের নতুন স্টোর রুমসহ ট্রেনিং ল্যাব নির্মাণ, বাউন্ডারি ওয়াল ও রাস্তা নির্মাণ, সাভারে টোটাল মিক্সড রেশন প্রদর্শনী প্ল্যান্ট স্থাপন কার্যক্রম চলমান আছে। প্রজনন ষাঁড়ের জন্য আধুনিক সুবিধা সম্বলিত সেড নির্মাণ ও ইউনিয়ন পর্যায়ে এ.আই সেড নির্মান কার্যক্রম চলমান আছে।

২। **ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রকল্প (এনএটিপি-২) :** ২৫ জন প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে যে ৫১১ টি ব্যাচে খামারী প্রশিক্ষণ ও ০৩ টি ব্যাচে কর্মকর্তা-কর্মচারী প্রশিক্ষণ এবং ০৬ টি ব্যাচের সিল (কমিউনিটি এক্সটেনশন এজেন্ট কর লাইভস্টক) প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। চলতি মাসে মাঠ পর্যায়ে ১,৩৪১ টি মাঠদিবস ও ৩,৫৫০ টি ইন-ফার্টিলিটি ক্যাম্পেইন আয়োজন করা হয়েছে যে এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-২ এর আওতায় ১৫৭ টি সিআইজি'কে এবং ফান্ড-৩ এর আওতায় ২৫ জন উদ্যোক্তাকে ম্যাচিং গ্র্যান্ট (Non-Refundable) প্রদান করা হয়েছে।

৩। **প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মাননিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন প্রকল্পঃ** ল্যাবের আইএসও এক্রেডিটেশন এর কাজ সম্পন্ন হয়েছে। প্রেষণে নিয়োগপ্রাপ্ত ১০ জন কর্মকর্তা ব্যবহারিক প্রশিক্ষণ শেষে ল্যাবে নমুনা পরীক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছেন।

৪। **ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পঃ** চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, সাভার ও বরিশাল ছাগল উন্নয়ন খামারের নির্মাণ ও সংস্কার এবং বরিশাল খামারের সেড নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। রাজশাহী ও সিলেট ছাগল খামারের নির্মাণ ও সংস্কার কাজ এবং ০৫টি খামারে ওয়েস্ট ম্যানেজম্যান্ট নির্মাণ কাজ চলমান আছে। ০৫টি ব্যাচে ১৩০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২৯৫টি CGF-দের ইনপুট সহায়তা বাবদ উপজেলা পর্যায়ে ১৭৫.৮৬ লক্ষ টাকা ন্যাস্ত করা হয়েছে। চট্টগ্রাম ছাগল খামারে ৪,০০০ কেজি ও বরিশাল ছাগল খামারে ৮,৫০০কেজি খাবার সরবরাহ করা হয়েছে।

৫। **মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়):** ৬০ জন মহিষের কৃত্রিম প্রজনন কর্মীর প্রশিক্ষণ চলমান রয়েছে। ৬৬০ জন সুফলভোগীকে মহিষ পালনের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। টাংগাইল খামারের বাউন্ডারী ওয়াল ও ফকিরহাট, বাগেরহাট খামারের নির্মাণ কাজ চলমান রয়েছে। বোরহানউদ্দিন, ভোলায় মহিষের ক্রসিং ও সিলেক্টিভ ব্রিডিং এবং ইন্টার সি মেটিং কার্যক্রম চলমান রয়েছে।

৬। **উপকূলীয় চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পঃ** ৬২ জন সুফলভোগীর মাঝে ২০টি করে মোট ১,২৪০ টি মুরগি বিতরণ করা হয়েছে। মুরগি খামারীকে সহায়তা বাবদ ৬৯ টন মুরগির খাদ্য প্রদান করা হয়েছে। প্রকল্পভুক্ত ৪১টি ইউনিয়নে বেজলাইন সার্ভে চলমান আছে। ২১,০০০ কপি প্রশিক্ষণ ম্যানুয়েল মুদ্রণের জন্য বিজিপ্রেসকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। মেডিসিন ও ভ্যাক্সিন ক্রয়ের জন্য দরপত্র আহবান করা হয়েছে।

৭। **প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পঃ** ০৪টি ব্যাচে ১২০ জন কর্মকর্তা ও ০৩টি ব্যাচে ১২০ জন এলএসপি'কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১৮০টি মোবাইল ভেটেরিনারি ক্লিনিক (MVC) লোকাল এজেন্ট থেকে গ্রহণ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে এবং ১১৯ টি MVC চট্টগ্রাম বন্দর হতে গ্রহণের জন্য শিপিং ডকুমেন্টস প্রকল্প কর্তৃক গৃহীত হয়েছে। সরকারি ডেইরী খামার সংস্কারের নিমিত্ত ০২টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। জেলা পর্যায়ে আধুনিক পশু জবাইখানা নির্মাণ এর নিমিত্ত ডিজাইন ও সুপারভিশন ফার্ম কর্তৃক প্রদানকৃত ০৮টি নকশা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

৮। **আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্পঃ** ২,২৭৫ জন সুফলভোগী খামারী নির্বাচন সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে ৬০টি ব্যাচে ১,৫০০ জন খামারীকে ০৩ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৫০টি উপজেলায় ৫০টি জনসচেতনতামূলক সেমিনারের মাধ্যমে ২,৫০০ জন খামারীকে গরু হৃষ্টপুষ্টকরণ সম্পর্কে উদ্বুদ্ধ করা হয়েছে। সুফলভোগী খামারীদের মাঝে ভিটামিন ও মিনারেল প্রিমিক্স ও কৃমিনাশক ট্যাবলেট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

৯। **পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পঃ** পিপিআর ল্যাবরেটরির জন্য অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি, কাঁচের তৈজসপত্র এবং এপ্লায়েন্সেস ক্রয়ের পুনঃদরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে। ভলান্টিয়ার ও ভ্যাকসিনেটরদের ০১ দিনের রিফ্রেশার্স প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ১০.৯০ লক্ষ ডোজ পিপিআর ও ৬৭.১৪ লক্ষ ডোজ ক্ষুরারোগের ট্রাইভেলেন্ট (এফএমডি) টিকা ক্রয় করা হয়েছে।

১০। **বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা ও রংপুর চিড়িয়াখানার মাস্টার প্লান প্রনয়ণ এবং অপরিহার্য অবকাঠামো সংস্কার ও উন্নয়ন প্রকল্পঃ** ঢাকা ও রংপুর চিড়িয়াখানা দুটির মাষ্টার প্লানসহ স্থাপত্য নকশা প্রণয়ণের কাজ অব্যাহত আছে (৭০%)।

১১। **উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬টি এলাকা ও নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পঃ** আউটসোর্সিং জনবল প্রতিষ্ঠান সরবরাহকারী প্রতিষ্ঠান সংগ্রহের রক্ষ্যে পুন:দরপত্র আহবান করা হয়েছে। এ পর্যন্ত ৮,৬৯৭ জন লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর ও সুফলভোগী খামারীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ও অবশিষ্ট প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্যাকেজ অনুদান বিতরণ বিষয়ক ০৫টি প্যাকেজের দরপত্রের NOA প্রদান করা হয়েছে।

**১২। জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্পঃ** প্রতিবেদনাধীন মাসে ৩৯০ জন বুচারকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জানুয়ারি/২০২২ মাসে মাঠপর্যায় থেকে সম্ভাব্য ০৪ টি জুনোটিক রোগ (তড়কা, জলাতঙ্ক, ব্রুসেলোসিস ও যক্ষা) এর মোট ১২৯ টি নমুনা সিডিআইএল-এ এবং ৬৫৩ টি নমুনা এলআরআই-এ পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। প্রকৃত ক্ষতিগ্রস্থ খামারীকে ক্ষতিপূরণ প্রদানের লক্ষ্যে কমিটি গঠন করা হয়েছে। অধিকতর যাচাই-বাছাই শেষে ক্ষতিপূরণ প্রদান করা হবে। ০৫ তলা ল্যাবরেটরি কাম অফিস ভবনের ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে, সিলিং, প্লাস্টার ও কম্পাউন্ড ড্রেনের কাজ চলমান আছে। মাটি ভরাট ও সীমানা প্রাচীরের প্লাস্টারের কাজ সম্পন্ন হয়েছে। অভ্যন্তরীণ রাস্তা, ডীপ টিউবওয়েল, পাম্প হাউস, ওয়াটার সাপ্লাই লাইন, ETP, ল্যাব যন্ত্রপাতি ও সরঞ্জামের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ডেস্কটপ কম্পিউটার ও কেমিক্যালস-রিএজেন্ট সরবরাহের জন্য দরপত্র আহবান করা হয়েছে।

**১৩। সিলেট, লালমনিরহাট/ কুড়িগ্রাম এবং বরিশাল ইনস্টিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজী স্থাপন প্রকল্প:** সিলেট আইএলএসটি'র নির্মাণ কাজ চলমান আছে। লালমনিরহাট আইএলএসটি'র মাটি ভরাটের কাজ সম্পন্ন হয়েছে এবং নির্মাণ কাজের লে-আউট প্রদান করা হয়েছে। ভূমি মন্ত্রণালয়ের ২৩/০১/২০২২ খ্রিষ্টাব্দ তারিখের পত্র মোতাবেক বরিশাল আইএলএসটি'র জন্য দীর্ঘমেয়াদী জমি বন্দোবস্ত প্রদান করেছেন। ভূমি উন্নয়নের কাজ শীঘ্রই শুরু হবে।

**১৪। সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প:** ১,৮২০টি সুফলভোগী পরিবারের মাঝে ভেড়া ও এর অস্থায়ী বাসস্থান নির্মাণ উপকরণ বিতরণ করা হয়েছে। ৫,৪৬০ জন সুফলভোগী খামরীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১১ টন পশুকাদ্য বিতরণ করা হয়েছে।

**১৫। প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা জোরদারকরণ প্রকল্প:** উপসহকারী প্রকৌশলী নিয়োগ প্রক্রিয়া চলমান আছে। প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন ২২৭টি প্রতিষ্ঠানের ডিজিটাল সার্ভে কার্যক্রম ও ৮৮টি প্রতিষ্ঠানের সয়েল টেষ্ট সম্পন্ন হয়েছে। ২০০টি ডেক্সটপ কম্পিউটার বিভিন্ন প্রাণিসম্পদ দপ্তরে সরবরাহের কার্যক্রম চলমান আছে। ৫৬৮টি রেফ্রিজারেটর সরবরাহের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। আবশিষ্ট ৩৮টি জেলা প্রাণিসম্পদ দপ্তরে কোল্ড রুম স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

**১৬। হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প:** প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন এবং ভবিষ্যৎ করণীয় শীর্ষক ০২ টি সেমিনার/কর্মশালা আয়োজিত হয়েছে। ০৫টি ব্যাচে ১৩২ জন লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (এলএফএফ) এর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রাণিসম্পদ প্রযুক্তি ম্যানুয়াল, ছাগল পালন, ভেড়া পালন, মুরগি পালন, হাঁস পালন, ঘাস চাষ, পনির তৈরি বুকলেট ও লিফলেট প্যাকেজ এবং সফটওয়্যার প্যাকেজ এর দরপত্র ইজিপিতে উন্মুক্ত করা হয়েছে। টিকা, কৃমিনাশক ও ঔষধ এর দরপত্র উন্মুক্ত হয়েছে। পশুখাদ্য ক্রয়ের দরপত্র আহবান করা হয়েছে।

**১৭। প্রাণিপুষ্টির উন্নয়নের জন্য উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পঃ** ৪৭৫টি উপজেলায় কমিউনিটি এক্সটেনশন এজেন্ট সংযুক্তকরণের কার্যক্রম চলমান রয়েছে। কমিউনিটি এক্সটেনশন এজেন্ট ও সুফলভোগী খামারী প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ ম্যানুয়াল হালনাগাদ শেষ পর্যায়ে রয়েছে। আউটসোর্সিং এর মাধ্যমে জনবল (০৪ জন) নিয়োগের দরপত্র মূল্যায়ন শেষ আছে।

(গ) আগামী দুই মাসে সম্পাদিতব্য গুরুত্বপূর্ণ কাজের তালিকাঃ APA কার্যক্রম বাস্তবায়ন।

(ঘ) আগামী দুই মাসে বড় রকমের কোন সমস্যা সংকটের আশংকা করা হলে তার বিবরণঃ সংকটের আশংকা নেই।

02/02/2022

অভিজিত কুমার মোদক
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (এল/আর)
পরিকল্পনা শাখা
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।